ফিরে দেখা ২০১৬ঃ পুরুলিয়া জেলা

বিকাশ সুপকার
পুরুলিয়া

গত ২০১৬ বর্ষে পুরুলিয়া জেলা জুড়ে আনন্দ ও দুঃখের নানান ছোট বড় ঘটনা ঘটেছে। তারই কিছু ঘটনা তুলে ধরা হল।

গত ৮ জানুয়ারি বার্ধক্যজনিত কারণে জেলার প্রখ্যাত ঝুমুর গান রচয়িতা শলাবত মাহাতোর জীবনাবসান ঘটে।

১১ জানুয়ারি পুরুলিয়া স্টেশনে রেল লাইনের মাঝে শুয়ে প্রাণ বাঁচিয়ে ছিলেন ঝাড়খন্ডের প্রৌঢ়া সবিতাদেবী। তাঁর শরীরের উপর দিয়ে পেরিয়ে গিয়েছিল মালগাড়ির ৫০টি বগি।

৭ ফেব্রুয়ারি স্বাধীনতা সংগ্রামী চিত্তভূষণ দাশগুপ্তর জীবনাবসান ঘটে। ২০ ফেব্রুয়ারি মাঝরাতে রঘুনাথপুর থানার পাবড়া গ্রামে বাড়িতে আগুন লেগে দুই শিশু কন্যাসহ জীবন্ত দগ্ধ হয়েছিলেন মা।

২৯ ফেব্রুয়ারি অফিস যাওয়ার পথে গাড়ির ধাক্কায় জেলার মহিলা সুরক্ষা আধিকারিক সুমা ঘোষের মৃত্যু হয়।

১ মার্চ হুড়া থানা এলাকায় পুরুলিয়া-বাঁকুড়া ৬০নং জাতীয় সড়কে বেপরোয়াভাবে লরির ধাক্কায় মারা যান জেলার বনাধিকারিক ওয়াসিম আলি।

৬ মার্চ ফরওয়ার্ড ব্লকের রাজ্য সম্পাদক প্রয়াত অশোক ঘোষের দেহ সমাধিস্থ করা হয় পুরুলিয়ার বাঘমুন্ডির সুইসার নেতাজী সুভাষ আশ্রমে।

৪মে প্রতিবেশী দুই যুবক কুৎসাসূচক লিফলেট ছড়িয়ে বিয়ে ভেঙে দেওয়ার ঘটনার জেরে সাঁওতালডি থানার জোড়াডি গ্রামে এক তরুণী আত্মঘাতী হয়েছিলেন।

৯মে রঘুনাথপুর হাটতলায় একটি বাড়ি থেকে দু'বস্তা বিস্ফোরক উদ্ধার হয়।

৮ জুন বেপরোয়া ছোট গাড়ির ধাক্কায় বাঘমুন্ডি মালদা রোডে মৃত্যু হয় দুই বধূর।

৩ জুলাই কাজের প্রলোভন দেখিয়ে অপহৃত জেলার আটজন নাবালককে আত্মীয়দের কাছে ফিরিয়ে দেয় প্রশাসন। রেলশহর আদ্রায় দিনে দুপুরে দুষ্কৃতীদের গুলিতে খুন হন সবজি ব্যবসায়ী পিন্টু ভার্মা।

২২ জুলাই পুরুলিয়া জেলা কংগ্রেসের সাধারণ সম্পাদক বিভাস দাস যোগ দেন তৃণমূল কংগ্রেসে।

১ আগস্ট বিভিন্ন দল ছেড়ে তৃণমূল কংগ্রেসে যোগ দান করেন মালদা পুরসভার ৭ জন কাউন্সিলার।

২৭ আগস্ট নিতুরিয়ার হারমাডি স্বাস্থ্যকেন্দ্রে সীমানা থেকে নরকঙ্কাল উদ্ধার হয়।

২৮ আগস্ট পুঞ্চা থানার রাজনওয়াগড়ে সবরমাতা মহাশ্বেতাদেবীর চিতাভস্ম সমাহিত করা হয়।

৩১ আগস্ট মানবাজার ১ ব্লকের কিষাণ মান্ডিতে পুরদফতর বাজার শুরু হয়। যা জেলার মধ্যে প্রথম পুরদফতর বাজার।

২ সেপ্টেম্বর রঘুনাথপুর থানার জগন্নাথডি গ্রাম থেকে আগ্নেয়াস্ত্র ও গোলা-বারুদসহ তিন কুখ্যাত দুষ্কৃতীকে গ্রেফতার করা হয়।

১০ সেপ্টেম্বর আবাসিক ছাত্রীদের প্রতি দুর্ব্যবহার ও নির্যাতনের অভিযোগে কেন্দা আশ্রমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষককে ঘেরাও করে দিনভর পড়ুয়াদের বিক্ষোভে এলাকা উত্তাল হয়ে ওঠে।

১৭ সেপ্টেম্বর পুরুলিয়া জামশেদপুর ৩২নং জাতীয় সড়কে বলরামপুর থানার হনুমাতা ব্রীজের কাছে আগ্নেয়াস্ত্রসহ মাওবাদী অভিযোগে গ্রেফতার হন কবিতা ঘড়ুই ও পঞ্চানন মাহাতো।

১২ ডিসেম্বর জমিতে সবজি পাহাড়া দেওয়ার সময় বরাবাজার থানার ভাগাবাঁধ গ্রামের বাসিন্দা বৃদ্ধ লালমোহন পাত্রের মৃত্যু হয়।

১৫ ডিসেম্বর রাজ্যে দ্বিতীয় হয়ে যামিনী রায় পুরস্কার পান আড়শা ব্লকের কাঞ্চনপুর প্রাথমিক বিদ্যালয়।

ওই দিনই পুরুলিয়ার সিধো কানহো বিরসা বিশ্ববিদ্যালয়ের সমাবর্তন অনুষ্ঠানে যোগ দিতে পুরুলিয়াতে যান পশ্চিমবঙ্গের রাজ্যপাল কেশরীনাথ ত্রিপাঠী।

নিজস্ব সংবাদদাতা, বিষ্ণুপুর ঃ বাঁকুড়ার সারেঙ্গায় উদ্ধার হওয়া জখম বাচ্চাহাতির চিকিৎসা চলছে বিষ্ণুপুরে বাসুদেবপুরের পিলখানায়। ওই বাচ্চাহাতির ডান পায়ে গুরুতর চোট রয়েছে। হাড়ও ভেঙেছে বলে পশু চিকিৎসকরা জানিয়েছেন। তাই গত কয়েকদিন ধরে ওই হাতিটির চিকিৎসা চলছে। শুক্রবার হাতির পায়ের ক্ষত কেটে ব্যান্ডেজ করা হয়েছে। এদিকে বাসুদেবপুরের পিলখানায় আগে থেকে থাকা তিনটি কুনকি হাতির সংসারে আরও এক নতুন অতিথি এসে হাজির হওয়ায় তাদের মনে আনন্দ দেখা গিয়েছে। স্থানীয় ও বনকর্মীরা জানিয়েছেন, সারেঙ্গার বড়ডি পাহাড় থেকে উদ্ধার হওয়া বাচ্চাহাতিটি বাসুদেবপুরের পিলখানায় আসতেই সেখানে থাকা শম্ভু, শিলাবতী ও কাবেরী নামে তিনটি কুনকি হাতি তাকে কাছে টেনে নেয়। সদ্য মায়ের কাছ থেকে দূরে চলে আসায় ক্ষুদে হাতিটি তাতে সাড়া দেয়। শুক্রবার সকালে মন্ত্রী ব্রাত্য বসু হাতিটিকে দেখতে যান। কুনকি হাতিদের দেখাশোনার দায়িত্বে থাকা মাহুত দীনবন্ধু বর্মন বলেন, ওদের তিনজনের মধ্যে শিলাবতীর স্নেহমমতা একটু বেশি। গত বুধবার শিলাবতী ট্রাক থেকে বাচ্চাহাতিটিকে নামিয়ে আনে। বাচ্চাহাতিটিও ওকে মা ভেবে পেছনে টুক টুক করে পিলখানায় ঢুকে পড়ে।

‘খেরওয়াল তুকী’তে মাতলেন আদিবাসীরা

নিজস্ব সংবাদদাতা, বাঁকুড়া ঃ বছরের শেষ দিন শনিবার শুশুনিয়া পাহাড়ের বিভিন্ন জায়গায় পিকনিক পার্টির দলগুলি বনভোজন করেছে চুটিয়ে। যখন শুশুনিয়া পাহাড়ের একদিকে পিকনিক পার্টিতে বনভোজন চলছে তখন অন্যদিকে শুশুনিয়া পাহাড়ে একটি অংশে আদিবাসীরা মেতে উঠেছেন মিলন মেলায়। এই মিলনমেলার আয়োজক শময়িত মঠের সম্পাদক বলেন, গত ২০ বছর ধরে গ্রামবাংলার লোকসংস্কৃতি ও ঐতিহ্যের সাথে এইমেলা আমরা করে আসছি।

প্রতিবছরের শেষ ও নতুন বছরের শুরুর দিনে এই মিলনমেলা তথা ‘খেরওয়াল তুকী’ মেলা অনুষ্ঠিত হয়। এই উপলক্ষ্যে এইদিন নানান সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। আজ আদিবাসীদের পাতানাচ, নাটুয়া, রণপা নৃত্য, ছৌ নৃত্য এবং যাত্রানুষ্ঠান অনুষ্ঠিত হবে।

রায়বাঘিনী মাঠে ছৌ সমাবেশ

নিজস্ব সংবাদদাতা, পুরুলিয়া ঃ পুরুলিয়া জেলা ছৌ নৃত্য সমিতির পরিচালনায় শনিবার ছৌ সমাবেশ অনুষ্ঠিত হল পুরুলিয়ার রাঁচি রোডের পাশে পুরুলিয়া মফস্বল থানার রাইবাঘিনী মাঠে। এইদিন এই সমাবেশের উদ্বোধন করেন অনগ্রসর শ্রেণি কল্যাণ দফতরের মন্ত্রী সন্ধ্যারাণি টুডু ও পুরুলিয়া জেলা পরিষদের সভাধিপতি সৃষ্টিধর মাহাতো। ছৌ এর এই সমাবেশে পুরুলিয়া জেলার ১৮৪টি ছৌ নৃত্যের দল অংশগ্রহণ করে। এই অনুষ্ঠানটির প্রধান পৃষ্ঠপোষক তথা সভাধিপতি সৃষ্টিধর মাহাতো বলেন, জেলার সমস্ত ব্লকের ছৌ নৃত্যের কলাকুশলীদের মধ্যে উৎসাহ এবং উদ্যম বাড়াতে এবছর প্রথম এই ধরণের অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

২০১৬-র ভালোমন্দ মিশিয়ে একনজরে গোঘাট

সঞ্জীব ঘোষ, গোঘাট ঃ বহু ঘটনার মধ্যে দিয়ে এগিয়ে চলেছে হুগলির গোঘাটের দুটি ব্লক। এই ফেলে আসা একটা বছরে গোঘাটের মানুষ পেয়েছে অনেক ভালো ভালো উপহার। আবার পেয়েছে বিষাদের যন্ত্রণাও।

●এবছরের সবচেয়ে উল্লেখযোগ্য ঘটনা হল গোঘাটের সঙ্গে হাওড়ার সরাসরি রেল যোগাযোগ। এই রেলের জন্য বছরের পর বছর গোঘাটবাসী অপেক্ষা করেছিলেন। ফেলে আসা বছরের ৯জুন গোঘাটের সেই স্বপ্ন পূরণ হয়। এদিন থেকে রেলের মানচিত্রে আরামবাগের সঙ্গে যুক্ত হয় গোঘাট। এছাড়াও ২০১৬-র আর এক উল্লেখযোগ্য ঘটনা হল গোঘাট বিধানসভার রাজনৈতিক পরিবর্তন। দীর্ঘদিন পর বামেদের হাতছাড়া হয়েছে এই বিধানসভা। ক্ষমতায় আসে তৃণমূল। নতুন বিধায়ক হন মানস মজুমদার। তিনি ৩০,৮৮৬ ভোটে ফরওয়ার্ড ব্লক প্রার্থীকে হারিয়ে নির্বাচিত হন। এছাড়াও নির্বাচনকে ঘিরে গোঘাটের মানুষ জাতীয় ও রাজ্যস্তরের বহু নেতানেত্রীকে ফেলে আসা বছরে কাছে পেয়েছেন। যাঁদের মধ্যে উল্লেখযোগ্য হলেন কেন্দ্রীয় মন্ত্রী বাবুল সুপ্রিয়, সাংসদ মুকুল রায়, অভিষেক বন্দ্যোপাধ্যায়, দেব প্রমুখ।

●আরামবাগ সাংসদ অপরূপা পোদ্দার গোঘাট থানার পুলিশকে সাংসদ কোটার টাকায় উপহার দিয়েছেন রঙ্গাবতী খালের উপর সেতু। যার ফলে হুগলি এবং মেদিনীপুরের মধ্যে যোগাযোগ সহজ হয়ে উঠেছে।

● তারিখে চোলাই মদের আস্তাকুড়ে হরিশোভা ও রঘুবাটী গ্রাম পঞ্চায়েতের পার্বতীপুর গ্রামের মহিলারা সঙ্ঘবদ্ধভাবে ঝাঁপিয়ে মদের ভাটি ভেঙে গুঁড়িয়ে দেন।

● গোঘাট ১নং ও ২নং ব্লকে মহিলাদের স্বনির্ভর করে তুলতে প্রাণী সম্পদ দপ্তর এবছর গোঘাটে এক নতুন প্রকল্প চালু হয়। তপসিলি জাতিভুক্ত মহিলাদের ছাগল, হাঁস, মুরগি বিতরণ করা হয়। উপস্থিত ছিলেন রাজ্যের প্রাণী সম্পদ মন্ত্রী স্বপন দেবনাথ।

● গোঘাটের রঘুবাটীগ্রামের আদিবাসী যুবকেরা কুসংস্কারের বিরুদ্ধে রুখে দাঁড়িয়ে ডাইনি প্রথা রোধ করেন। তাঁদের পাশে দাঁড়াতে ছুটে এসেছিলেন বর্ধমানের বাউল শিল্পী স্বপন দত্ত।

● ২০১৬-র জয়েন্টের মেডিকেলে বেশ কিছু ছাত্রছাত্রী ভালো ফল করেছিল। যার মধ্যে উল্লেখযোগ্য দুঃস্থ পরিবারের রোজিনা পারভিন। তাঁর পড়াশোনার জন্য রাজ্যের মন্ত্রী তপন দাশগুপ্ত তাঁকে প্রতি মাসে ৫ হাজার টাকা দেওয়ার ব্যবস্থা করেন।

●২০১৬-র বাজুয়া গার্লস হাইস্কুল নির্মল বিদ্যালয়ের শিরোপা পেয়েছে।

● পার্বতীপুর প্রাথমিক বিদ্যালয়ের ছাত্রী ফতেমা খাতুন রাজ্য ক্রীড়া প্রতিযোগিতায় ১০০ মিটার দৌড়ে প্রথম স্থান অর্জন করে।

● ভাদুর তিলডাঙ্গা এস এস কে মাঠে হাওড়া বনবিভাগ ও হুগলি জেলা পরিষদের উদ্যোগে অনুষ্ঠিত হয় বনমহোৎসব। উপস্থিত ছিলেন বহু মন্ত্রী ও বিশিষ্ট পদাধিকারী।

● শ্রীপুর মাঠে অনুষ্ঠিত হয় বিংশতিতম জাতীয় প্রাণী সম্পদ মেলা। এই মেলায় উপস্থিত ছিলেন মন্ত্রী স্বপন দেবনাথ, তপন দাশগুপ্ত, অসীমা পাত্র প্রমুখ।

●কামারপুকুর মঠ ঘুরে দেখেন মন্ত্রী সুব্রত মুখার্জী।

●গোঘাট হাইস্কুল মাঠে অনুষ্ঠিত হয় জেলা বার্ষিক প্রাথমিক ক্রীড়া প্রতিযোগিতা।

●বেলুড় থেকে জয়রামবাটী পর্যন্ত চালু হয় রাজ্য পরিবহন নিগমের এ সি বাস।

●গোঘাটের পশ্চিম অমরপুরে অবস্থিত আই টি আই কলেজের নতুন বিভাগের উদ্বোধন করেন বিধানসভার অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায়। পরে নতুন কর্মশালার উদ্বোধন করেন প্রাক্তন সেনাপ্রধান শংকর রায়চৌধুরী।

● গোঘাট থেকে শিক্ষারত্ন পেয়েছেন গৌতম চক্রবর্তী এবং অনীতা মুখোপাধ্যায়।

●ফেলে আসা বছরে গোঘাট অনেক বিশিষ্ট মানুষকে হারিয়েছেন। চলে গেছেন গোঘাট থানা এলাকার লড়াকু নেতা অনুপ ঘোষ। তিনি ছিলেন গোঘাট ২নং পঞ্চায়েত সমিতির শিক্ষা ও ক্রীড়া কর্মাধ্যক্ষ। বজ্রপাতে মৃত্যু হয় ধনঞ্জয় রায়, শ্রীমন্ত রুইদাস, অশ্বিনী হাজরা প্রমুখ। অনেকের অস্বাভাবিক মৃত্যু ঘটেছে। যাঁদের মধ্যে রয়েছে নয়নতারা বালিকা বিদ্যালয়ের ছাত্রী পূজা সিং, বেঙ্গাই স্কুলের ছাত্রী নবনিতা রায়, বেতড়া গ্রামের বাসিন্দা বিশ্বজিৎ ঘোষ, কামারপুকুর রামকৃষ্ণ মিশন বহুমুখী বিদ্যালয়ের ছাত্র অরণ্য বাড়ুই।

●মর্মান্তিক ঘটনার শিকার হয়েছেন গোঘাটের তরুণ প্রতিভাবান ফুটবলার জয়ন্ত সাঁতরা, খেলার মাঠে বিপক্ষে দলের খেলোয়াড়ের সঙ্গে সংঘর্ষের পর তাঁর একটি পা কেটে বাদ দিতে হয়।

●চলে গেছেন বিশিষ্ট সমাজসেবী তথা প্রাক্তন বিমানকর্মী শিবপদ রায়।

●এছাড়াও গত বছর গোঘাটের মানুষ বেশ কিছু ঘটনার স্বাক্ষী থেকেছেন। যার মধ্যে উল্লেখযোগ্য বালি গ্রাম পঞ্চায়েতের প্রধান অশোক রায়কে পুলিশি প্রহরায় পঞ্চায়েতে যেতে হয়েছে। পরিবর্তন ঘটেছে গোঘাট ২নং পঞ্চায়েত সমিতির সভাপতি পদের। এছাড়াও কামারপুকুর ভিএসবি ক্লাবের উদ্যোগে স্বচ্ছ ভারত অভিযান সহ বিভিন্ন সমাজসেবামূলক কর্মসূচী পালিত হয়েছে। এছাড়াও জট কাটেনি গোঘাটের ভাবা দিঘির উপর দিয়ে রেল লাইন তৈরি।

জৈব সার নিয়ে সেমিনার কাপসিটে

নিজস্ব সংবাদদাতা, আরামবাগ ঃ কৃষিক্ষেত্রে দিনদিন রাসায়নিক সার ব্যাপকহারে প্রয়োগ হওয়ার ফলে মাটির গুণগত মান কমে যাচ্ছে। বাড়ছে নানান সমস্যা। এই পরিস্থিতিতে আরামবাগ থানা মার্কেটিং সোসাইটি মাটির গুণগত মান বাড়াতে ও চাষীদের পাশে দাঁড়িয়ে জৈবসার ও কেঁচো সার প্রয়োগ ও তার উপকারিতা সম্পর্কে সচেতন করতে মহকুমার বিভিন্ন গ্রাম পঞ্চায়েত এলাকায় কৃষকবন্ধু জৈব কেঁচোসারের প্রয়োগ পদ্ধতি নিয়ে চালাচ্ছেন সেমিনার। এমনই এক সেমিনার ৩১ ডিসেম্বর আরামবাগ ব্লকের কাপসিটে ডাঃ হরিপদ খাঁ মেমোরিয়াল হলে অনুষ্ঠিত হয়। কাপসিট সমবায় সমিতির পরিচালনায় অনুষ্ঠিত এই সেমিনারে উপস্থিত ছিলেন, আরামবাগ মহকুমা কৃষি অধিকর্তা সজল ঘোষ, সহকৃষি অধিকর্তা বিকাশ দে, আরামবাগ কো অপারেটিভ এগ্রিকালচার মার্কেটিং সোসাইটির লিমিটেডের চেয়ারম্যান তথা বিধায়ক কৃষ্ণচন্দ্র সাঁতরা, ভাইস চেয়ারম্যান বিশ্বনাথ দাস, সেক্রেটারি ওয়াহাব সাহেব, জেলা পরিষদের কৃষি কর্মাধ্যক্ষ তারাপদ বাগ, আরামবাগ পঞ্চায়েত সমিতির সভাপতি শিশির সরকার, শিক্ষাকর্মাধ্যক্ষ দীপক মাঝি প্রমুখ। এই বিষয়ে আরামবাগ কো অপারেটিভ এগ্রিকালচার মার্কেটিং সোসাইটির ভাইস চেয়ারম্যান জগন্নাথ দাস বলেন, বিভিন্নভাবে রাসায়নিক সার প্রয়োগে মাটির গুণগত মান অনেক কমে যাচ্ছে। আমাদের সোসাইটি বিজ্ঞানভিত্তিক পদ্ধতিতে জৈব সার তৈরি করে চলেছে। ৫০ কেজির প্রায় ৭০০ প্যাকেট জৈব সার তাঁরা প্রস্তুত করেছেন। আগামী বছর দেড় হাজার প্যাকেট জৈব সার তৈরির লক্ষ্যমাত্রা আছে।



ইংরেজি নববর্ষে
সকলকে জানাই
প্রীতি, শুভেচ্ছা ও অভিনন্দন—

দিদির অনুপ্রেরণায় আমরা কাজ
করে চলেছি। নতুন বছরে
সকলে ভালো থাকুন।

মনোরঞ্জন পাল
সভাপতি, গোঘাট ১ ব্লক তৃণমূল কংগ্রেস

“সবারে করি আহ্বান”

কেশবপুর মহেন্দ্র ইন্‌স্টিটিউশন্
প্লাটিনাম জুবিলি উৎসব
১৯৪২-২০১৭
কেশবপুর, আরামবাগ, হুগলী

সুধী,
‘কেশবপুর মহেন্দ্র ইন্‌স্টিটিউশন’-এর শুভ জন্মদিন, পঁচাত্তর বর্ষ পূর্তি এবং পুনর্মিলন উপলক্ষ্যে আগামী **২ ফেব্রুয়ারি ২০১৭ থেকে ৫ ফেব্রুয়ারি ২০১৭** — চারদিনব্যাপী ‘প্লাটিনাম জুবিলি’ উৎসবে এই বিদ্যালয়ের প্রাক্তন এবং শুভানুধ্যায়ীদের জানাই সাদর আমন্ত্রণ।

ধন্যবাদসহ
প্লাটিনাম জুবিলি উৎসব কমিটি
কেশবপুর মহেন্দ্র ইনস্টিটিউশন
কেশবপুর, হুগলি।

বিঃদ্রঃ- আর্থিক সাহায্য গ্রহণের
A/c No. 425410110010780 Bank of India, Kable Br.
IFSC Code : BKID0004254 In favour of
'Keshabpur Mahendra Institution Platinum Jubilee Fund'



সুনিশ্চিত সঠিক রিপোর্ট
আস্থা ডায়গনষ্টিক সেন্টার
বর্তমানে একই ছাদের তলায় আমাদের পরিষেবা

- থাইরয়েডের ইলেকট্রোকেমি
- কম্পিউটারাইজড্ প্যাথলজি
- ফুল অটো এ্যানালাইজার
- ডিজিট্যাল এক্স-রে
- আল্ট্রাসোনোগ্রাফী
- ইকোকার্ডিওগ্রাফি
- কালার ডপলার
- কোলোনসকপি
- এফ. এন. এস. সি.
- অডিওমেট্রিক
- এন্ডোসকপি
- ই.সি.জি.
- ই.ই.জি
- এক্স-রে

T3, T4, TSH, FT3, FT4, TSH,
LH, FSH, PROLACTIN, PSA, IGE,
VITAMIN D, VITAMIN D3,
CA 125

প্যাথলজিস্ট
Asst. Prof. ডাঃ কিংসুক বোস
ডাঃ পূর্ণচন্দ্র দাস
ডাঃ ছায়া সেন
ডাঃ তুলিকালিপি ঘোষ
রেডিওলজিস্ট
Asst. Prof. প্রোঃ ডাঃ অনিন্দ্য ব্যানার্জী
Asst. Prof. ডাঃ অমিত কুমার দাস
ডাঃ এস. পি. দে
কার্ডিওলজিস্ট
Asst. Prof. ডাঃ সৈকত সাউ
গ্যাস্ট্রোএন্টেরোলজিস্ট
Asst. Prof. ডাঃ টি. সামন্ত
ইউরোলজিস্ট
Asst. Prof. ডাঃ মানস কুমার মন্ডল
অডিওমেট্রিক
ডাঃ আরাফাত মল্লিক